

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।

স্মারক নং-মমেক/ভর্তি/বিডিএস/২০১৬/

তারিখ-

বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে ১ম বর্ষ বিডিএস কোর্সে ময়মনসিংহ মেডিকেল কলেজে ডেন্টাল ইউনিটে অপেক্ষমান তালিকা হইতে ভর্তির জন্য মনোনীত ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, তাহাদেরকে নিম্নে উল্লেখিত কাগজ পত্র সহ আগামী ২৬/১২/২০১৬ ইং তারিখ সকাল ৯.০০ টা হইতে ১২.০০ ঘটিকার মধ্যে ছাত্র/ছাত্রীকে নিজে উপস্থিত হয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হইল।

১. অনলাইনে পূরণ করা আবেদন ফরম (Student Copy)।

২. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

৩. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি এবং ০২(দুই) সেট ফটোকপি।

৪. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার পাশের সনদপত্র / টেস্টিমোনিয়াল এর মূল কপি এবং ০১(এক) সেট ফটোকপি।

৫. জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের মূল কপি।

৬. চার কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রসিদ ছবি।

৭. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডিপুটি কমিশনার প্রদত্ত মূল সনদপত্র।

৮. মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র। মুক্তিযোদ্ধাদের পূত্র-কন্যা এবং পূত্র কন্যাদের পূত্রকন্যার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্বারক নং- ০৫. ১৭০. ০২২. ০৭.০১. ০১৪. ২০১১-১৮১ তারিখ ০৯ মে ২০১১-এ জারিকৃত বিধি অনুসরণ করা হবে। উল্লেখ্য যে, অত্র প্রতিষ্ঠানের নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাছাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় কমিটি কর্তৃক উপযুক্ত বলিয়া প্রমাণিত হইলে ভর্তি ফি বাবদ ১২,০০০/- (বার হাজার) টাকা ব্যাংকে জমা দেওয়া সাপেক্ষে ভর্তি করা হইবে।



অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।

স্মারক নং-মমেক/ভর্তি/বিডিএস/২০১৬/ ২০৮৮৮ (৪)

তারিখ-২৮/১২/১৬

অনুলিপি কার্যার্থে / জ্ঞতার্থে :

১। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

২। সভাপতি সার্টিফিকেট যাচাই কমিটি ও মেডিকেল বোর্ড, (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) মমেক।

৩। ওয়েব সাইট, মমেক।

৪। নোটিশ বোর্ড, মমেক।



অধ্যক্ষ

ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ।

